

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয়ঃ- ১৬-১১-২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।


সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল আবু সালেহ মোঃ গোলাম আশিয়া।
সভার তারিখ : ১৬-১১-২০১৬ খ্রিঃ
সভার সময় : ১১:০০ টা
সভার স্থান : টিসিবি'র সভাকক্ষ

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়ঃ

ক্র নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তায়ন
১	সভাপতি প্রথমে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে গত ১৭-০৮-১৬ তারিখের সময়াবদ্ধ কর্মপরিকল্পনার বিষয় হেড এবং সাব হেড নিয়ে আলোচনা শুরু করেন। বিষয় হেড গুলোর আলোকে সাব হেড, লক্ষ্য ও পরিমাপের একক সমূহ ঠিক আছে কিনা অথবা আরো যুক্তি যুক্ত ভাবে নতুন আঙ্গিকে লেখা যায় কিনা তা নিয়ে আলোচনা করেন।	বিষয় হেড এবং সাব হেড গুলো পুনরায় পর্যালোচনা পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করণের সিদ্ধান্ত নেয়া হয়।	নৈতিকতা কমিটি ও প্রশাসন শাখা।
২	বিদ্যমান ও নতুন আইন ও বিধি বিধানের সংস্কার এবং প্রণয়ন বিষয়ক আলোচনায় টিসিবি'র বিদ্যমান সার্ভিস রুল সংশোধনী ও টিসিবি আইন বাংলাদেশের বিষয়ে আলোচনা হয়।	টিসিবি'র সার্ভিস রুল সংশোধনীর বিষয়ে একটি কমিটি করে মন্ত্রণালয়ের চেক লিষ্ট এর আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। ইংরেজিতে প্রণীত টিসিবি আইন বাংলায় অনুবাদের লক্ষ্যে অনুবাদকৃত খসড়া আইন বিষয়ে অভিজ্ঞ ফার্ম বা ব্যক্তিকে দিয়ে ভেটিং করানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়।	প্রশাসন শাখা
৩	সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ কারীকুলাম শুদ্ধাচার বিষয়ক আলোচনায় বলা হয়, টিসিবি কর্তৃক নিজস্ব ভাবে আয়োজিত প্রশিক্ষণ প্রোগ্রামে ইতোমধ্যে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।	পরবর্তীতে নিজস্ব ভাবে আয়োজিত প্রশিক্ষণ প্রোগ্রামে শুদ্ধাচার অন্তর্ভুক্ত করার বিষয়টি অব্যাহত থাকে সে বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	প্রশাসন শাখা
৪	সেবার মান উন্নীতকরণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা, ওয়েবসাইট হালনাগাদকরণ, সকল কম্পিউটারে ইন্টারনেট সংযোগ, দরপত্র/ কোটেশন/ নোটিশ ওয়েবসাইটে প্রকাশ, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন, wi-fi প্রবর্তন প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত ছিল। এসকল বিষয়ে আলোচনায় জানা যায় ইতোমধ্যে টিসিবি'র ফ্লোরে wi-fi প্রবর্তন হয়েছে। সকল কম্পিউটারে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে। টিসিবি'র ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ করা হয়। দরপত্র ও নোটিশসমূহ নিয়মিত টিসিবি'র ওয়েবসাইটে	নিয়মিত ওয়েবসাইট হালনাগাদ রাখার নির্দেশনা প্রদান এবং কর্মচারীদের জন্য দ্রুত একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়।	দায়িত্ব প্রাপ্ত কম্পিউটার প্রোগ্রামার জনাব মোঃ হুমায়ুন কবির ও জনাব মোঃ সাইফুল ইসলাম এবং প্রশাসন শাখা।

	নিয়মিত প্রশিক্ষণ দেয়া শুরু হয়েছে। এছাড়া গত ০২-১০-১৬ হতে ০৬-১০-১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত টিসিবি কর্তৃক আধুনিক অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয়েছে।		
৫	অনলাইনে অভিযোগ ব্যবস্থাপনা প্রবর্তন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়।	অনলাইনে অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে দুত টিসিবি'র ওয়েবসাইটে একটি ম্যাসেজ বক্স খোলার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সচিব ও দায়িত্ব প্রাপ্ত কম্পিউটার প্রোগ্রামার জনাব মোঃ হুমায়ুন কবির এবং জনাব মোঃ সাইফুল ইসলাম
৬	তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা এবং আপিলকারী ইতোমধ্যে নিয়োগ করা হয়েছে এবং তা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।	তথ্য অধিকার আইনের আওতায় প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত নিয়মে ও সময়ে নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়।	দায়িত্ব প্রাপ্ত তথ্য কর্মকর্তাগণ।
৭	শুদ্ধাচার বাস্তবায়নের জন্য শাখা ভিত্তিক শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের সভা আয়োজন নিয়মিত রাখার জন্য আলোচনা হয়।	সকল শাখা কর্তৃক আলাদা আলাদা ভাবে শাখা ভিত্তিক শুদ্ধাচার কর্মপরিকল্পনা মূল্যায়নের সভা আয়োজন অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়।	সকল শাখা প্রধান।
৮	সকল আঞ্চলিক কার্যালয়গুলোতে এ সভার কার্যবিবরণী প্রেরণ এবং কার্যালয় ভিত্তিক এই বিষয়ে সভার আয়োজন করে গৃহীত ব্যবস্থাসমূহ প্রধান কার্যালয়কে অবহিত করার জন্য আলোচনা করা হয়। এ বিষয়ে কোন সাম্যক ধারণার বিষয়ে আঞ্চলিক কার্যালয়গুলোর সমস্যা থাকলে প্রধান কার্যালয় এর সাথে যোগাযোগ করার জন্য আলোচনা হয়।	সকল আঞ্চলিক কার্যালয়সমূহ ও ক্যাম্প অফিসকে এ সংক্রান্ত সভার আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়।	সকল আঞ্চলিক কার্যালয় ও ক্যাম্প অফিস প্রধান।

সভার আলোচ্য সূচিতে আর কোন বিষয়ের অন্তর্ভুক্ত না থাকায় সভার সভাপতি কার্যবিবরণীটি বাণিজ্য মন্ত্রণালয় প্রেরণের নির্দেশনা দিয়ে সকলকে খন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।


 (ব্রিগেডিয়ার জেনারেল আবু সাঈদ মোঃ গোলাম আশিয়া)
 চেয়ারম্যান, টিসিবি।